

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৫২

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বিয়ের প্রচার, প্রস্তাব ও শর্তাবলী প্রসঙ্গে

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَعْلِنُوا هَذَا النِّكَاحَ وَاجْعَلُوهُ فِي الْمَسَاجِدِ وَاضْرِبُوا عَلَيْهِ بِالدُّقُوفِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

বাংলা

৩১৫২-[১৩] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা বিবাহকার্য প্রকাশ্য ঘোষণার মাধ্যমে মসজিদে সম্পন্ন কর এবং তাতে দফ বাজাও। (তিরমিযী; তিনি বলেছেন, হাদীসটি গরীব)[1]

ফুটনোট

[1] সানাদ দুর্বল : তিরমিয়া ১০৮৯, ইবনু মাজাহ ১৮৯৫, য'ঈফাহ্ ৯৭৮, য'ঈফ আল জামি' ৯৬৬। কারণ এর সনদে 'ঈসা বিন মায়মূন একজন দুর্বল রাবী। তবে হাদীসের প্রথম অংশটুকু হাসান সূত্রে প্রমাণিত।

ব্যাখ্যা

व्याच्या : काकीश्गा वर्णन, এখানে দক দ্বারা উদ্দেশ্য হলো, যাতে কোনো ঘণ্টাধ্বনি নেই। ইবনুল হুমাম (রহঃ) অনুরূপ বলেছেন। হাফিয 'আসকালানী (রহঃ) বলেনঃ তারা (وَاصْنُولُو) অর্থাৎ- "দক বাজাও" এর দ্বারা দলীল গ্রহণ করেছে যে, দক বাজানো শুধু পুরুষের জন্য খাস নয় বরং নারী-পুরুষ সবার ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু হাদীসটি য'ঈফ। একাধিক বিশুদ্ধ হাদীস দ্বারা এটাই প্রমাণিত হয় যে, দক বাজানোটা এমন মহিলাদের জন্য প্রযোজ্য যাদের সাথে পুরুষের সাক্ষাৎ হবে না। অনুরূপভাবে বাসরে গান গাওয়া ও মহিলার জন্য নির্ধারিত। পুরুষের জন্য তা বৈধ নয়। (তুহফাতুল আহওয়াযী ৬ৡ খন্ড, হাঃ ১০৮৯)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত



 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=} 68479$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন